

Model Activity task 2021(August)

Class 6 Geography (Part-5)

মডেল অ্যাক্টিভিটি টাস্ক ২০২১ | আগস্ট

ষষ্ঠ শ্রেণী (পার্ট -৫)

পরিবেশ ও ভূগোল

১. বিকল্পগুলি থেকে ঠিক উত্তরটি নির্বাচন করে লেখো :

১.১ সূর্যের অতিবেগুনি রশ্মির ক্ষতিকর প্রভাব থেকে জীবকূলকে রক্ষাকারী ওজোন স্তর আছে।

(ক) ট্রপোস্ফিয়ারে

(খ) স্ট্র্যাটোস্ফিয়ারে

(গ) আয়নোস্ফিয়ারে

(ঘ) এক্সোস্ফিয়ারে

১.২ আন্টার্কটিকার একটি স্বাভাবিক উদ্ভিদ হলো

ক) পাইন

(খ) শাল

(গ) মস

(ঘ) সেগুন

১.৩ ভারতের মরু অঞ্চলের মাটির অন্যতম প্রধান বৈশিষ্ট্য হলো -

(ক) মাটির জলধারণ ক্ষমতা বেশি

(খ) মাটিতে লোহার পরিমাণ বেশি

(গ) মাটির জলধারণ ক্ষমতা কম

(ঘ) মাটিতে জৈব পদার্থের পরিমাণ বেশি

২. শূন্যস্থান পূরণ করো:

২.১ সমুদ্রের কাছাকাছি অঞ্চলের জলবায়ু **সমভাবাপন্ন** প্রকৃতির হয়।

২.২ নির্দিষ্ট ঋতুতে যে গাছের পাতা ঝরে পড়ে তাকে **পর্ণমোচী** উদ্ভিদ বলে।

২.৩ সাধারণত শীতকালে শীতল অঞ্চল থেকে যে পাখিরা আমাদের দেশে উড়ে আসে তারা **পরিযায়ী** পাখি নামে পরিচিত।

৩. সংক্ষিপ্ত উত্তর দাও :

৩.১ বারিমণ্ডল কীভাবে সৃষ্টি হয়েছে?

উত্তর- পৃথিবী সৃষ্টির বহুকোটি বছর পর পৃথিবীর বাইরের অংশটা বেশ ঠান্ডা হয়ে আসে। তখন আকাশের রাশি রাশি জলীয়বাষ্প ঠান্ডা হয়ে অবিশ্রান্ত বৃষ্টির মতো পৃথিবীতে নেমে আসে। হাজার হাজার বছর ধরে এই প্রবল বৃষ্টির জলে পৃথিবীর নীচু অংশ ভরাট হয়ে সাগর, মহাসাগর তৈরি হয়। পৃথিবীর এই বিশাল জলভাণ্ডারকে বারিমণ্ডল বলে। এই ভাবে পৃথিবীতে বারিমণ্ডলের সৃষ্টি হয়।

৩.২ ভারতে শীতকাল কেন শুষ্ক প্রকৃতির হয়?

উত্তর- এই সময় ভারতে স্থলভাগের উপর দিয়ে শীতল শুষ্ক, উত্তর পূর্ব মৌসুমি বায়ু প্রবাহিত হয়। পর্বতের উপর দিয়ে আসা এই বায়ু শীতল ও জলীয় বাষ্প থাকে না, ফলে সারা ভারতে এই সময় তেমন বৃষ্টিপাত হয় না। শীতকালে মাঝে মাঝে দুই চার দিন একটানা আকাশ মেঘলা থাকে ও ঝিরি ঝিরি বৃষ্টি হয়। একে পশ্চিমি ঝঞ্ঝা বলে। উত্তর-পশ্চিম ভারতে শীতকালে দক্ষিণ ভারতের তুলনায় উত্তর ভারতে ঠান্ডার প্রকোপ বেশি হয়। এইসময় শহরাঞ্চলে ভোরবেলা কুয়াশা আর রাতের বেলা শিশির পড়তে দেখা যায়।

৪. বায়ুচাপ ও বায়ুপ্রবাহ কোনো অঞ্চলের আবহাওয়াকে কীভাবে নিয়ন্ত্রণ করে তা ব্যাখ্যা করো।

বায়ুর চাপ : বায়ুর ওজন আছে, তাই বায়ু পৃথিবীর ওপর চাপ দেয়। সমুদ্র পৃষ্ঠে বায়ুর চাপ সবথেকে বেশি। যত ওপরে ওঠা যায় বায়ুর চাপ তত কমতে থাকে। বায়ুচাপ কমে গিয়ে নিম্নচাপ হলে ঝড়-বৃষ্টি অশান্ত আবহাওয়া তৈরি হয়। আবার বায়ুচাপ বেড়ে গিয়ে উচ্চচাপ হলে পরিষ্কার আকাশ শান্ত আবহাওয়া দেখা যায়।

বায়ুপ্রবাহ: বায়ু সব জায়গায় চাপ সমান রাখার জন্য উচ্চচাপ অঞ্চল থেকে নিম্নচাপ অঞ্চলের দিকে প্রবাহিত হয়। হঠাৎ কোনো জায়গায় বাতাসের চাপ খুব কমে গেলে, বাতাস ভীষণ গতিতে আশেপাশের উচ্চচাপ অঞ্চল থেকে নিম্নচাপ অঞ্চলের দিকে ছুটে আসে। তখন ঝড় ওঠে। বাতাসের গতি বেশি হলে গাছপালা, ঘর-বাড়ি ভেঙে পড়ে অনেক ক্ষয়ক্ষতি হয়।